



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং: - ৩৭.০২.০০০০.১০৯.১৪.১৭৩.২০২০-১৬

তারিখ: ২০/০৫/২০২০ খ্রি.

বিষয়: সংসদ বাংলাদেশ টেলিভিশনে মাধ্যমিক (ষষ্ঠ থেকে দশম শ্রেণি) পর্যায়ের শিক্ষা কার্যক্রমের সম্প্রচার ২১-৩১ মে ২০২০ তারিখ পর্যন্ত বন্ধ থাকা প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ বা করোনা মহামারীর সময়ে মাধ্যমিক পর্যায়ের শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনার আলোকে শিক্ষা মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা “আমার ঘরে আমার স্কুল” অনুষ্ঠান বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের সংসদ বাংলাদেশ টেলিভিশন এর মাধ্যমে সম্প্রচার করে আসছে। পবিত্র লাইলাতুল কদর, জুমাতুল বিদা ও ঈদুল ফিতর উপলক্ষে মাধ্যমিক (ষষ্ঠ থেকে দশম শ্রেণি) পর্যায়ের শিক্ষা কার্যক্রমের নতুন ক্লাস সম্প্রচার আগামী ২১-৩১ মে ২০২০ তারিখ পর্যন্ত বন্ধ থাকবে। উল্লিখিত সময়ে পূর্বে সম্প্রচারিত ক্লাসসমূহ পুনঃপ্রচার করা হবে। ০১ জুন ২০২০ তারিখ থেকে যথারীতি নতুন ক্লাসের সম্প্রচার শুরু হবে এবং যথাসময়ে ক্লাস রুটিন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

এমতাবস্থায়, বিষয়টি সংশ্লিষ্টদের অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রফেসর ড. প্রবীর কুমার ভট্টাচার্য  
পরিচালক (প্রশিক্ষণ)  
ও  
পরিচালক (পরি. ও উন্ন., অ. দা.)  
ফোন: ০২-৯৫৫৯১০১

জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
২. উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল) তার আওতাধীন প্রতিষ্ঠান প্রধানদের অবহিত করার অনুরোধসহ
৪. প্রতিষ্ঠান প্রধান (সকল মাধ্যমিক বিদ্যালয়), তার আওতাধীন বিষয় শিক্ষক ও শিক্ষার্থীদের অবহিত করার অনুরোধসহ
৫. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
৬. সংরক্ষণ নথি